

সাইতামা বাংলা সোসাইটির পৌষ উৎসব এবং অভিষেক অনুষ্ঠান

----মহিউদ্দিন মজুমদার মাসুম

শীতের সকালে চাদর মুড়ী দিয়ে মায়ের সান্নিধ্যে চুলার পাশে বসে নতুন ধানের চালের গুড়া এবং খেজুরের রসে তৈরী বিভিন্ন মৌসুমী পিঠা পায়সের স্বাদ অতুলনীয় । আহারে ! কবে কখন যেতে পারব শীতের সময়ে দেশে ! এটা প্রত্যেক প্রবাসীর জীবনের কঠিন বাস্তবতা । এই অতৃপ্তিকে কিঞ্চিৎ লাঘবের প্রয়াসের অংশ হিসেবে সাইতামা বাংলা সোসাইটি বিগত ১২ জানুয়ারী পৌষ উৎসবের আয়োজন করেন । আমাদের মা-খালাদের সুযোগ্য উত্তরাধীকারী হয়ে যারা আমাদের জীবনে জীবন সঙ্গিনী, ভাবী-বৌদিরূপে প্রবাস সঙ্গিনী হয়ে আছেন, তাদের অকৃত্রিম ভালোবাসায় সম্ভব হয়েছে, পৌষ উৎসব-২০২০, আমরা তাদের কাছে কৃতজ্ঞ ।

তাদের তৈরী পিঠা-পায়সের মধ্যে অন্যতম ছিলো- ঢেঁভো, ঝাল চন্দ্রপুলি, গজা, মেরা, এলো গেলো পিঠা, ভাঁপা, তেলের পিঠা, ফুলঝুরি, নিমকী এবং নকশী, সিঙ্গারা, চুই পিঠা, চিতল পিঠা, ঝিনুক পিঠা, পাটিসাপটা,বিবিখানা, সিমফুল পিঠা, মাংসের পুলি পিঠা, সুজি রসমঞ্জুরী,নারিকেলের পুলি,পাকুড়া, তিলের পুলি, গাজরের পায়স ইত্যাদি । এছাড়াও সদস্য সচিব সঞ্জয় দেবের নেতৃত্বে অন্যান্য সংগঠকদের সহযোগিতায় দুপুরের খাবারের জন্য চিকেন বিরিয়ানী, চিকেন টিক্কা এবং সালাদের ব্যবস্থা করেন । যারা রাত জেগে পরম মমতা এবং আন্তরিক পরিশ্রমে পিঠা-পুলি তৈরী করে এই উৎসবকে সার্থকরূপ দিয়েছেন, তারা হচ্ছেন- ছন্দা বড়ুয়া, নিলীমা, সোমা, জেমী, লোপা, সুমি, দিপা, বিউটি, অনি, মনিকা মাহমুদা, তিমু, লিনা, রিমা, শুভ্রা, মিতু রহমান, শারমিন সুলতানা, মিতু, রাত্রী, এবং শারমিন দেলোয়ার ।

দুপুরে সবাই মিলে সংগঠন আয়োজিত খাবার গ্রহণের পর ভাবী-বৌদিরা তাদের তৈরীকৃত পিঠা-পুলি টেবিলে সাজিয়ে অনুষ্ঠানস্থলকে আকর্ষণীয় এবং নয়নাভিরাম করে তোলেন । অতঃপর ভাবী-বৌদিরা সমাগত মেহমানদের মাঝে পিঠা-পুলি পরিবেশন করেন এবং নিজেরাও সমাগত মেহমানদের সাথে পিঠা-পুলির স্বাদ গ্রহণ করেন । অনুষ্ঠানের প্রথম পর্যায়ের শেষান্তে পিঠা-পুলি নিয়ে আসা ভাবী-বৌদিদের সবাইকে সংগঠনের পক্ষ থেকে শুভেচ্ছা উপহার তুলে দেন উপদেষ্টা ওয়েল পেইন্টার নুরুল হক রহমান এবং উপদেষ্টা নৌ-প্রকৌশলী তাপস বড়ুয়া ।

অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন পৌষ উৎসব এবং অভিষেক অনুষ্ঠান উদযাপন কমিটির আহব্বায়ক কাউচার হোসাইন আক্কাস, অনুষ্ঠানটি সঞ্চালন করেন সদস্য মমিনুল ইসলাম মমিন । অনুষ্ঠানের দ্বিতীয়াংশে সংগঠনের সদ্য গঠিত কমিটিকে সবার সাথে পরিচয় করিয়ে দেন বিগত কমিটির সভাপতি মহিউদ্দিন মজুমদার মাসুম এবং সদ্য দায়িত্ব প্রাপ্ত সভাপতি মাজহারুল কবীর বাসেল এবং নাছির উদ্দিনের হাতে ফুলের তোঁড়া তুলে দিয়ে নতুন কমিটিকে স্বাগত জানিয়ে বরণ করে নেন উপদেষ্টাদ্বয় ।

বিকেল বেলায় বিনোদন পর্বে ভাবী-বৌদিরা বিভিন্ন বিনোদনমূলক প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন এবং বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন বিবেক বার্তার সম্পাদক প্ল্যাসিড, অধ্যাপক খায়রুল বাশার এবং প্রবীণ জাপান প্রবাসী ও বিশিষ্ট সংগঠক সনত বড়ুয়া ।

অনুষ্ঠানের সমাপনী লগ্নে সদ্য দায়িত্বপ্রাপ্ত সভাপতি এবং সাধারণ সম্পাদক শুভেচ্ছা বক্তব্যে ভবিষ্যৎ পথচলায় সবার সহযোগিতা কামনা করেন এবং অনুষ্ঠানের সভাপতি কাউসার হোসাইন আক্কাস উপস্থিত সবাইকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়ে দিনব্যাপি পরিচালিত অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন ।